শিক্ষা নিয়ে গড়ব দেশ শেখ হাসিনার
বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
অডিট শাখা-০১
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.১৮৭.১৪.২২.২০১৫-৬৯

তারিখ: ১ অগ্রহায়ণ ১৪২৭
১৬ নভেম্বর ২০২০

বিষয়: **ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউট এর প্রাক্তন জুনিয়র ইনস্ট্রাক্টর(টেক/মেকানিক্যাল), বর্তমানে চাঁদপুর টেকনিক্যাল স্কুল ও কলেজের অধ্যক্ষ জনাব মো: সিরাজুল ইসলাম-কে বকেয়া বাবদ পাওনা হতে অব্যাহতি প্রদান।**

সূত্র: ০১. টিএমইডি এর স্মারক নং-৫৭.০০.০০০০.১৮৭.১৪.২২.২০১৫-২৫, তারিখ: ১৫.০৯.২০২০ খ্রি.।
০২. ডিটিই এর স্মারক নং-৩৭.০৩.০০০০.০২৪.৫৫.০০১.১৮.৩৬৯, তারিখ: ১২.১০.২০২০ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ ০১ নং স্মারকে চাঁদপুর টেকনিক্যাল স্কুল ও কলেজের অধ্যক্ষ প্রকৌ: মো: সিরাজুল ইসলাম ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউটে জুনিয়র ইনস্ট্রাক্টর (টেক/মেকানিক্যাল) হিসেবে কর্মরত (০১/০৪/২০০৪ থেকে ৩০/০৪/২০০৭ খ্রি. তারিখ পর্যন্ত) থাকাকালীন তাঁর (প্রকৌ: মো: সিরাজুল ইসলাম) বিরুদ্ধে (বাসা ভাড়া পরিশোধ না করায়) ১৬,৬০,৮৭৫/- টাকার আপত্তি ডিটিই কর্তৃক উত্থাপিত হওয়ায় সে বিষয়ে মতামত প্রদান করার জন্য ডিজি, ডিটিই-কে টিএমইডি হতে পত্র প্রেরণ করা হয়।

০২. তদপ্রেক্ষিতে সূত্রোস্থ ০২ নং স্মারকমতে ডিটিই হতে নিম্নোক্ত মতামত প্রদান করা হয়:

ক) কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন চাঁদপুর টিএসসি এর অধ্যক্ষ জনাব মো: সিরাজুল ইসলাম, ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউটের জুনিয়র ইন্সট্রাক্টর (টেক/মেকানিক্যাল) হিসেবে কর্মরত থাকাকালীন ০১/০৪/২০০৪ থেকে ৩০/০৪/২০০৭ খ্রি. পর্যন্ত তার বিরুদ্ধে (বাসা ভাড়া পরিশোধ না করায়) ১৬,৬০,৮৭৫ টাকা বকেয়া নির্ধারণ করা হয়। জনাব মো: সিরাজুল ইসলাম এর নিকট বকেয়া ভাড়া দাবীকারী প্রতিষ্ঠান তথা ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউট এর অধ্যক্ষ কর্তৃক বকেয়া ভাড়া বাবদ কোন টাকা পাওনা নেই মর্মে দায়মুক্তির সনদ প্রদান করা হয়েছে।

খ) ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউটের প্রাক্তন জুনিয়র ইন্সট্রাক্টর (টেক/মেকানিক্যাল) বর্তমানে চাঁদপুর টিএসসি এর অধ্যক্ষ জনাব মো: সিরাজুল ইসলাম এর অনুকূলে প্রদত্ত দায়মুক্তি বিষয়টি সংশ্লিষ্ট ব্যক্তিকে অবহিত করার জন্য এবং কারিগরি শিক্ষা অধিদপ্তরের উক্ত তদন্ত প্রতিবেদনের উপর কিছু করণীয় রয়েছে কিনা সে বিষয়ে টিএমইডি হতে মতামত চাওয়া হয়েছে (কপি সংযুক্ত)।।

গ) কারিগরি শিক্ষা অধিদপ্তর হতে পত্র মোতাবেক চাঁদপুর টিএসসি এর অধ্যক্ষ জনাব মো: সিরাজুল ইসলাম, ঢাকা পলিটেকনিক ইনস্টিউটে জুনিয়র ইন্সট্রাক্টর (টেক/মেকানিক্যাল) হিসেবে কর্মরত থাকাকালীন তাঁর নামে বরাদ্দকৃত বাসার বকেয়া ভাড়া বা অন্য কোন সরকারি পাওনা নাই মর্মে ঢাকা পলিটেকনিক ইন্সটিটিউট হতে প্রাপ্ত পত্রের বিষয়টি প্রমাণকসহ টিএমইডি এর সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হয়েছিল (কপি সংযুক্ত)।

ঘ) গত ১২/০২/২০২০ খ্রি. তারিখে কারিগরি শিক্ষা অধিদপ্তরে ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউটের অধ্যক্ষ জনাব কাজী জাকির হোসেন এর উক্ত বিষয়ে সাক্ষাতকার গ্রহণ করা হয়। তিনি তাঁর লিখিত বক্তব্যে জানান যে, প্রাক্তন জুনিয়র ইন্সট্রাক্টর (টেক/মেকানিক্যাল), বর্তমানে চাঁদপুর টেকনিক্যাল স্কুল ও কলেজের অধ্যক্ষ জনাব মো: সিরাজুল ইসলাম ৩১/০৩/২০০৪ খ্রি. তারিখ পর্যন্ত ঢাকা পলিটেকনিকে কর্মরত ছিলেন। তিনি ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউটের একক সিটের একটি বাসায় বসবাস করতেন। উক্ত বাসাটি তিনি ৩০/০৪/২০০৭ খ্রি. তারিখে কর্তৃপক্ষকে বুঝিয়ে দিয়ে বাসা বরাদ্দ বাতিল করেন। নথি যাচাইকালে দেখা যায়, তাঁর নিকট ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউট কোন পাওনা না থাকায় তাঁকে দায়মুক্তি সনদ প্রদান করা হয় (কপি সংযুক্ত)।

ঙ) গত ১২/০২/২০২০ খ্রি. তারিখে কারিগরি শিক্ষা অধিদপ্তরে উক্ত বাসায় বসবাসকারী ঢাকা পলিটেকনিক ইনস্টিউটের প্রাক্তন জুনিয়র (টেক/মেকানিক্যাল), বর্তমানে চাঁদপুর টেকনিক্যাল স্কুল ও কলেজের অধ্যক্ষ জনাব মো: সিরাজুল ইসলাম এর সাক্ষাতকার গ্রহণ করা হয়। তিনি তাঁর লিখিত বক্তব্যে জানান যে, উক্ত বাসাটি তিনি ৩০/০৪/২০০৭ খ্রি. তারিখে কর্তৃপক্ষকে বুঝিয়ে দিয়ে বাসা

বরাদ্দ বাতিল করে ঢাকা পলিটেকনিক ইনস্টিউট হতে দায়মুক্তি সনদ, চূড়ান্ত ছাড়পত্র এবং উক্ত বাসায় বসবাসকালীন গ্যাস, বিদ্যুৎ বিল বাবদ দুইটি রশিদের মাধ্যমে ১৩,৭৫০/- (তের হাজার সাতশত পঞ্চাশ টাকা) টাকা ও ৩,০০০/- (তিন হাজার) টাকা ইতিপূর্বে পরিশোধ করেছেন (কপি সংযুক্ত)।

চ) বর্ণিত বাসভবনের নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউট এবং উক্ত প্রতিষ্ঠানের অধ্যক্ষ কর্তৃক প্রাক্তন জুনিয়র ইন্সট্রাক্টর (টেক/মেকানিক্যাল) বর্তমানে চাঁদপুর টেকনিক্যাল স্কুল ও কলেজের অধ্যক্ষ জনাব মো: সিরাজুল ইসলাম কে ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউট কর্মকালীন সময়ে তার অনুকূলে বাসা বরাদ্দ বাবদ বকেয়া পাওনা নেই মর্মে দায়মুক্তি সনদ প্রদান করায় তাঁকে বকেয়া বাসা ভাড়া পাওনা সংক্রান্ত ১৬,৬০,৮৭৫/- (ষোল লক্ষ ষাট হাজার আটশত পচাঁত্তর) টাকার দায় হতে অব্যাহতি প্রদান করা যেতে পারে।

০৩. এক্ষণে, যেহেতু মো: সিরাজুল ইসলাম ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউটে কর্মকালীন সময়ে তার অনুকূলে বাসা বরাদ্দ বাবদ বকেয়া পাওনা নেই মর্মে দায় মুক্তি সনদ প্রদান করেছেন সেহেতু তাকে উক্ত আপত্তি থেকে অব্যাহতি প্রদান আবশ্যক।

০৪. এমতাবস্থায়, ডিটিই এর উপরিউক্ত আলোচনার প্রেক্ষিতে ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউটের প্রাক্তন জুনিয়ন ইন্সট্রাক্টর (টেক/মেকানিক্যাল), বর্তমানে চাঁদপুর টেকনিক্যাল স্কুল ও কলেজের অধ্যক্ষ জনাব মো: সিরাজুল ইসলাম-এর নিকট কোন বকেয়া পাওনা না থাকায় তাঁকে উক্ত আপত্তি হতে নির্দেশক্রমে অব্যাহতি প্রদান করা হলো।

১৬-১১-২০২০
নূরজাহান বেগম
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৭৫২৭২

মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.১৮৭.১৪.২২.২০১৫-৬৯/১(৮)

তারিখ: ১ অগ্রহায়ণ ১৪২৭
১৬ নভেম্বর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) সচিব মহোদয়, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩) জনসংযোগ কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪) অধ্যক্ষ, চাঁদপুর টেকনিক্যাল স্কুল ও কলেজ, চাঁদপুর।
৫) সিস্টেম এনালিষ্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইডে প্রকাশের অনুরোধসহ)।
৬) অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (অতি:সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৭) উপ-সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (উপসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৮) অফিস কপি, মাষ্টার কপি।

১৬-১১-২০২০
নূরজাহান বেগম
সিনিয়র সহকারী সচিব